“নিশ্চয়ই মুমিন ব্যক্তি তার উত্তম চরিত্রের মাধ্যমে (দিনের) সাওম পালনকারী ও (রাতের) তাহাজ্জুদ সালাত আদায়কারীর সমান মর্যাদা লাভ করতে পারে।”

‘আয়িশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: “নিশ্চয়ই মুমিন ব্যক্তি তার উত্তম চরিত্রের মাধ্যমে (দিনের) সাওম পালনকারী ও (রাতের) তাহাজ্জুদ সালাত আদায়কারীর সমান মর্যাদা লাভ করতে পারে।” [হাদিসটি এর শাওয়াহেদ (বিভিন্ন সমার্থক হাদিস) থাকার কারণে সহীহ] [এটি আবু দাউদ ও আহমাদ বর্ণনা
করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে বর্ণনা করেছেন, নিশ্চয়ই উত্তম চরিত্র ব্যক্তিকে নিয়মিত দিনে সাওম পালনকারী ও রাতের তাহাজ্জুদ সালাত আদায়কারীর সমান মর্যাদায় পৌঁছে দেয়। উত্তম চরিত্রের সমষ্টি হলো: জনকল্যাণে কাজ করা, উত্তম কথা বলা, হাস্যোজ্জ্বল চেহারা প্রদর্শন, অন্যকে কষ্টদায়ক জিনিস থেকে বিরত থাকা এবং তা মানুষ থেকে আসলে বরদাশত করা।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5799